

Advertisement



### 10 Home Theater Design Ideas To Make Movie Night M...

Here are a few top home theater design ideas that will give you a new and exciting mo...



### 12 Beautiful Décor Ideas

12 Summer Home I  
These home decor i

# আনন্দবাজার পত্রিকা অনলাইন

০৫ ফেব্রুয়ারি ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো



Anandabazar / West Bengal / Interim VC of Jadavpur University Buddhadeb Sau is facing allowance controversy

## Buddhadeb Sau

## ভাতা বিতর্কে বুদ্ধদেব সাউ

বিশ্ববিদ্যালয় কেন বুদ্ধদেবকে উপাচার্যের বরাদ্দ ভাতা দিল সে ব্যাপারে নীরব। বিষয়টি নিয়ে রেজিস্ট্রার স্নেহমঞ্জু বসুকে ফোন ও মেসেজ করেও কথা বলা যায়নি। সূত্রের দাবি, বুদ্ধদেব অফিসে না আসায় প্রশাসনিক অচলাবস্থা তৈরি হয়।



ষাদবপুরের অধ্যাপক বুদ্ধদেব সাউ। Sourced by the ABP

মধুমিতা দত্ত

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ০৩ ফেব্রুয়ারি ২০২৪ ০৯:২২

Share:   Save: 

অন্তর্বর্তী উপাচার্য মামলায় বিশেষ ভাতা নিতে নিষেধ করেছিল সুপ্রিম কোর্ট। কিন্তু তার পরেও সেই ‘ভাতা’ নিয়েছেন যাদবপুরের অধ্যাপক বুদ্ধদেব সাউ। যাঁকে অন্তর্বর্তী উপাচার্য হিসাবে নিয়োগ করেও অপসারণ করেছেন রাজ্যপাল সি ডি আনন্দ বোস। রাজ্য আবার রাজ্যপালের অন্তর্বর্তী উপাচার্য নিয়োগের বিরোধিতা করলেও অপসারণের নির্দেশের পরেও বুদ্ধদেবকে পদে থেকে যেতে বলেছিল। তবে চলতি বছরের গোড়াতেই বুদ্ধদেব জানান, তিনি আর উপাচার্যের অফিসে যাবেন না। বিশ্ববিদ্যালয় সূত্রের খবর, এত কিছু পরেও জানুয়ারি মাসের বেতনেও উপাচার্য পদে থাকার ভাতা নিয়েছেন বুদ্ধদেব।

সুপ্রিম কোর্টের নির্দেশ, উপাচার্য পদে থাকা নিয়ে বিতর্ক এবং নিজের অফিস না যাওয়ার ঘোষণার পরেও ভাতা কেন নিলেন সে ব্যাপারে বুদ্ধদেবের জবাব, “স্যারি স্লিপ তো কয়েক মাস দেখিনি। যদি দেওয়া হয়ে থাকে সে নিজে নিইনি। বিশ্ববিদ্যালয় দিয়েছে।” বুদ্ধদেব আরও জানান, তিনি কোনও ‘পার্কস’ নিচ্ছেন না। বিশ্ববিদ্যালয়ের গাড়িও চড়ছেন না। সূত্রের খবর, শুক্রবার এক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে যাদবপুরের উপাচার্য হিসেবে উল্লেখ করা হয় তাঁকে।

বিশ্ববিদ্যালয় কেন বুদ্ধদেবকে উপাচার্যের বরাদ্দ ভাতা দিল সে ব্যাপারে নীরব। বিষয়টি নিয়ে রেজিস্ট্রার মেহমঞ্জু বসুকে ফোন ও মেসেজ করেও কথা বলা যায়নি। সূত্রের দাবি, বুদ্ধদেব অফিসে না আসায় প্রশাসনিক অচলাবস্থা তৈরি হয়। তাই সহ-উপাচার্য অমিতাভ দত্তকে বৈঠক করে কিছু জরুরি ফাইল স্বাক্ষরের দায়িত্ব দেওয়া হয়। উপাচার্য নিয়োগ সংক্রান্ত মামলাটি সুপ্রিম কোর্টে ২০২৩ সালের ৯ অগস্ট নথিভুক্ত হয়। ২০ অগস্ট বুদ্ধদেব অন্তর্বর্তী উপাচার্য হন। ৬ অক্টোবর এই মামলার অন্তর্বর্তী রায়ে সুপ্রিম কোর্ট বলে, এই মামলা চলাকালীন কোনও অন্তর্বর্তী উপাচার্য ভাতা বা সুবিধা (যা স্থায়ী উপাচার্যরা পেয়ে থাকেন) নিতে পারবেন না। বুদ্ধদেবের ভাতা প্রসঙ্গে যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক পার্থপ্রতিম রায়ের বক্তব্য, “দফতরে না এসেও ভাতা উনি নিয়ে থাকলে, সেটা নীতির প্রশ্ন।” বিশ্ববিদ্যালয়ের তৃণমূল সমর্থক অধ্যাপক মনোজিৎ মণ্ডলের বক্তব্য, “উপাচার্যের দায়িত্ব পালন না করে অতিরিক্ত ভাতা কী ভাবে নিতে পারেন?”

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#)

Follow us on:     Save: 

Advertisement

Advertisement



Bandhan Mutual Fund  
Bodhite Raho

Presents

টাকা TALK

সেভিংস থেকে ইনভেস্টমেন্ট  
লাভ হবে না লোকসান?

উত্তর একটাই [বিশদে জানুন](#)